



২০
১৯
১৮
১৭
১৬
১৫
১৪
১৩
১২
১১
১০
৯
৮
৭
৬
৫
৪
৩
২
১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল
জীবন বীমা ভবন (৪র্থ তলা)
১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
www.cevt.gov.bd

ই-মেইল থেকে প্রাপ্ত

নথি নং-সিইভিটি/ব্যক্তিগত-২৮/২০০০/

তারিখ: /০৯/২০২১ খ্রিঃ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ মনিরুল আলম, গাড়ীচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকায় কর্মরত থাকা অবস্থায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৭ জুন, ২০২১ খ্রিঃ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.১৯.০০২.২০/১৫০ নং পত্র মারফত এ দপ্তর হতে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, খুলনায় বদলী করা হলে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিলাত ট্রাইব্যুনাল, ঢাকা হতে ২৮/০৬/২০২১ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে অবমুক্ত করা হলেও নতুন কর্মস্থলে যোগদান না করে অনুমোদনবিহীনভাবে অনুপস্থিত আছেন;

এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মনিরুল আলম, গাড়ীচালক বদলীকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্তে অব্যাহতি আদেশ প্রাপ্ত হয়ে বিধি অনুযায়ী প্রাপ্য যোগদানকাল অতিবাহিত হলেও বদলীকৃত কর্মস্থলে যোগদান করেন নি;

এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মনিরুল আলম, গাড়ীচালক উপর্যুক্ত কার্যক্রমের মাধ্যমে চাকরির শৃঙ্খলা হানিকর আচরণ সংঘটিত করেছেন এবং কর্তৃপক্ষের বিধিসম্মত আদেশ অমান্য করেছেন, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (খ) অনুযায়ী “অসদাচরণ”-এর সামিল;

এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মনিরুল আলম, গাড়ীচালক বদলীকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্তে ২৮/০৬/২০২১ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে অবমুক্ত হয়ে এ নোটিশ জারীর তারিখ পর্যন্ত আপনি বদলীকৃত কর্মস্থলে যোগদান করেননি। অর্থাৎ আপনি অব্যাহতি প্রদানের তারিখ ২৮/০৬/২০২১ খ্রিঃ হতে অদ্যাবধি (৬০ দিনের অধিক) অনুমোদনবিহীনভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

এবং

যেহেতু, আপনি জনাব মোঃ মনিরুল আলম, গাড়ীচালক অব্যাহতি প্রদানের তারিখ ২৮/০৬/২০২১ খ্রিঃ হতে অদ্যাবধি (৬০ দিনের অধিক) অনুমোদনবিহীনভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (চ) অনুযায়ী “পলায়ন (Desertion)”-এর সামিল;

সেহেতু, এক্ষণে আপনাকে (জনাব মোঃ মনিরুল আলম, গাড়ীচালক) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (খ) অনুযায়ী “অসদাচরণ” এবং একই বিধিমালার বিধি ২ (চ) অনুযায়ী “পলায়ন (Desertion)”-এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে উপর্যুক্ত অভিযোগের কারণে একই বিধিমালার বিধি ৪ এর উপ-বিধি ৫ (গ) এবং উপ-বিধি ৫ (ঘ) মোতাবেক দণ্ড প্রদানসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার লিখিত জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে এ দপ্তরে প্রদানের জন্য নির্দেশ প্রদান

গ্রহণ ও প্রেরণ শাখা
গঠিত নং- ৬৩৭